# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর) এর কার্যালয়
মানব সম্পদ উন্নয়ন পরিদপ্তর, বাপাউবো
পানি ভবন (লেভেল-১),
৭২ গ্রীন রোড, ঢাকা-১২১৫

OFFICE OF THE SUPERINTENDING ENGINEER
DIRECTORATE OF
HUMAN RESOURCE DEVELOPMENT, BWDB
Pani Bhaban (Level-1)
72 Green Road, DHAKA-1215.
E-mail: dir.staff.bwdb@gmail.com

website: www.bwdb.gov.bd

স্মারক নং-৪২.০১.০০০০.০৩০.২৮.০০১.২৩-৭৭৪

তারিখঃ ৩০ জ্যৈষ্ঠ, ১৪৩১ বঙ্গাব্দ
১৩ জুন, ২০২৪ খ্রিস্টাব্দ

## সার্কুলার

সকলের সদয় অবগতি/অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের HRDM সফটওয়্যার সিস্টেমে তথ্য-উপাত্ত সুবিন্যস্ত করণের ভিত্তি হিসেবে বাপাউবো'র বিদ্যমান জনবল কাঠামো (Need Based Setup) বিবেচনা পূর্বক মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের ডায়েরি নং-১১১৬; তারিখঃ ২২/০৮/২০২৩ খ্রিঃ এর নির্দেশনার আলোকে মানব সম্পদ উন্নয়ন পরিদপ্তরের স্মারক নং- ৪২.০১.০০০০.০৩০.২৮.০০১.২৩-১২০৪; তারিখঃ ২৮ আগস্ট, ২০২৩ খ্রিঃ মোতাবেক বাপাউবো'র বিদ্যমান জনবল কাঠামোর আলোকে হালনাগাদকৃত সাংগঠনিক কাঠামোর (Organogram) ভিত্তিতে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের HRDM সফটওয়্যার সিস্টেম হালনাগাদ করা হয়েছে।

২। বর্তমানে লক্ষ্য করা যাচ্ছে যে, বাপাউবো'র অধিকাংশ দপ্তরে বিদ্যমান জনবল কাঠামোর (Need Based Setup) আলোকে হালনাগাদকৃত সাংগঠনিক কাঠামো (Organogram) অনুসরণ না করে এখনও বাপাউবো জনবল কাঠামো '৯৮ এর আলোকে দপ্তরের নাম ও পদবী কর্মকর্তা/কর্মচারী কর্তৃক ব্যবহৃত হচ্ছে। উদাহরণস্বরূপ, বাপাউবো'র বিদ্যমান জনবল কাঠামো (Need Based Setup) অনুসারে সকল মাঠ পর্যায়ের দপ্তরের নামে "পানি উন্নয়ন সার্কেল/বিভাগ/উপ-বিভাগ/শাখা" উল্লেখ থাকলেও এখনও অনেক দপ্তরের কার্যক্রমে বাপাউবো জনবল কাঠামো '৯৮ এর আলোকে 'পওর সার্কেল/বিভাগ/উপ-বিভাগ/শাখা" প্রভৃতি নাম ব্যবহার করা হচ্ছে। ফলে অত্র দপ্তরের PMIS ডাটাবেসে বাপাউবো'র কর্মকর্তা/কর্মচারীদের তথ্য সংরক্ষণ ও জ্যেষ্ঠতা তালিকা প্রণয়ন, জনবল প্রতিবেদন, পদায়ন প্রভৃতি কার্যক্রমে অসামঞ্জস্যতা পরিলক্ষিত হচ্ছে এবং পরবর্তীতে iBAS++ এর মাধ্যমে বেতন ভাতাদি পরিশোধ ও PRL গমনের পর পেনশন সংক্রান্ত জটিলতার সৃষ্টি হওয়ার সম্ভাবনা রয়েছে।

৩। এমতাবস্থায়, উক্ত সমস্যা সমূহ দূরীকরনে বাপাউবো'র বিদ্যমান জনবল কাঠামোর (Need Based Setup) আলোকে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের সকল দপ্তরের নামসহ পদবী (সাইনবোর্ড, সিল, দাপ্তরিক প্যাড ইত্যাদি) হালনাগাদকরণ ও তদনুযায়ী ব্যবহারের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকল দপ্তর প্রধানকে অনুরোধ করা হলো।

৪। মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের অনুমোদনক্রমে সার্কুলারটি জারী করা হলো।

13/6/24

(আরিফউজ্জামান খান)
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর)
মানব সম্পদ উন্নয়ন পরিদপ্তর
বাপাউবো, ঢাকা

স্মারক নং- ৪২.০১.০০০০.০৩০.২৮.০০১.২৩-৭৭৪

তারিখঃ ৩০ জ্যৈষ্ঠ, ১৪৩১ বঙ্গাব্দ
১৩ জুন, ২০২৪ খ্রিস্টাব্দ

অনুলিপিঃ (জ্ঞাতার্থে/কার্যার্থে) (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১। অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন/অর্থ/পূর্ব রিজিওন/পশ্চিম রিজিওন/পরিকল্পনা, নক্সা ও গবেষণা), বাপাউবো, ঢাকা।
২। প্রধান প্রকৌশলী/ অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সকল), ……………….., বাপাউবো, …………… ।
৩। প্রধান, পানি ব্যবস্থাপনা/ নিয়ন্ত্রক, হিসাব, বাপাউবো, ঢাকা।

৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী/ পরিচালক (সকল), ………………….., বাপাউবো, ………….।

৫। সিএসও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।

৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। বোর্ডের ওয়েবসাইটে (pani.bwdb.gov.bd) প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

৭। নির্বাহী প্রকৌশলী/উপ পরিচালক (সকল), …………….., বাপাউবো, ………….।

৮। উপ-পরিচালক (অহিনি)/ সহকারী পরিচালক (অহিনি) (সকল র‍্যাক), ………………….., বাপাউবো, ………….।

৯। অফিস কপি।

১৩/৫/২৪

(আরিফউজ্জামান খান)

তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পুর)

ডায়েরী নং ৯৮২ তারিখঃ ১৩/৫/২৪

সিস্টেম এনালিস্ট
প্রোগ্রামার ১/২
সহকারী প্রোগ্রামার ১/২/৩/৪
নেটওয়ার্ক প্রকৌশলী
হিসাব করণিক
অফিস সহঃ কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক

■ জরুরী/অতি জরুরী
■ প্রয়োজনীয় ব্যবস্থা নিন
■ নথিতে পেশ করুন
■ আলোচনা করুন
■ নথিতে রাখুন

১৩/০৫/২০২৪

সিনিয়র সিস্টেম এনালিস্ট
কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।